

## ১৯তম এটিওটি কোর্স সম্পন্ন



বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি (বিএসটিডি) এর ব্যবস্থাপনায় গত ২৭-৩০ এপ্রিল ২০১৯ তারিখে ১৯তম এটিওটি কোর্সটি বিএসটিডি'র সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত কোর্সে বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান থেকে ২২ জন পদস্থ কর্মকর্তা অংশগ্রহণ করেন। কোর্সের পরিচালক ও কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন যথাক্রমে বিএসটিডি'র যুগ্ম-মহাসচিব আলহাজ্ব বিলকিস বেগম এবং সহকারী নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আবদুল অদুদ। ৩০/০৪/২০১৯ তারিখে গুলশান, ফ্ল্যামবী রেস্তোরাঁতে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সনদপত্র বিতরণ করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব জনাব ওয়ালিউল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিএসটিডি'র সভাপতি সাবেক মন্ত্রিপরিষদ সচিব এবং পিএসসির সাবেক চেয়ারম্যান ড. সা'দত হুসাইন। নৈশভোজের মাধ্যমে অনুষ্ঠানটি সম্পন্ন হয়।